# জান্নাত-জাহান্নাম

বিভাগ/অধ্যায়ঃ জান্নাতের পথ সহজ নয়

রচয়িতা/সঙ্কলকঃ আবদুল হামীদ ফাইযী

জান্নাতের পথ সহজ নয়

জান্নাত লাভের পথ নিশ্চয় সহজ নয়। বরং সে পথ বড় বন্ধুর, বড় কষ্টের। উপরে চড়া কি সহজ হতে পারে?

রাসূলুল্লাহ (ﷺ) বলেছেন, ‘‘জাহান্নামকে মনোলোভা জিনিসসমূহ দ্বারা ঘিরে দেওয়া হয়েছে এবং জান্নাতকে ঘিরে দেওয়া হয়েছে কষ্টসাধ্য কর্মসমূহ দ্বারা।’’ (বুখারী-মুসলিম)।

সুতরাং জান্নাত পেতে হলে মনোলোভা জিনিস থেকে মনকে বিরত রাখতে হবে, লোভনীয় কামনা-বাসনা থেকে মনকে বঞ্চিত করতে হবে। খেয়াল-খুশী মতে চলা হতে বিরত থাকতে হবে। মন যা চায়, তাই করা হতে দূরে থাকতে হবে। আর তাতে কষ্ট হবে, ফলে ধৈর্য ধরতে হবে। যে কাজে মন আনন্দ পাবে, সাধারণতঃ সে কাজ হল জাহান্নামের। আর যে কাজে কষ্ট আছে, সে কাজ সাধারণতঃ জান্নাতের।

মহানবী (ﷺ) বলেছেন, ‘‘আল্লাহ যখন জান্নাত-জাহান্নাম সৃষ্টি করলেন, তখন জিবরীলকে জান্নাতের দিকে পাঠিয়ে বললেন, 'যাও, জান্নাত এবং তার অধিবাসীদের জন্য প্রস্তুতকৃত সামগ্রী দর্শন কর। সুতরাং তিনি গেলেন এবং দর্শন করে ফিরে এসে বললেন, 'আপনার সম্মানের কসম! যে কেউ এর কথা শুনবে, সে এতে প্রবেশ করতে চাইবে। অতঃপর আল্লাহ জান্নাতকে কষ্টসাধ্য কর্মসমূহ দিয়ে ঘিরে দিতে আদেশ করলেন। তারপর আবার তাকে বললেন, যাও, জান্নাত এবং তার অধিবাসীদের জন্য প্রস্তুতকৃত সামগ্রী দর্শন কর। সুতরাং তিনি গেলেন এবং দর্শন করে ফিরে এসে বললেন, আপনার সম্মানের কসম! আমার আশঙ্কা হয় যে, কেউ তাতে প্রবেশ করতে পারবে না।

অতঃপর আল্লাহ তাকে জাহান্নামের দিকে পাঠিয়ে বললেন, 'যাও, জাহান্নাম এবং তার অধিবাসীদের জন্য প্রস্তুতকৃত সামগ্রী দর্শন কর। সুতরাং তিনি গেলেন এবং দেখলেন, তার আগুনের এক অংশ অপর অংশের উপর চেপে রয়েছে। অতঃপর তিনি ফিরে এসে বললেন, আপনার সম্মানের কসম! যে কেউ এর কথা শুনবে, সে এতে প্রবেশ করতে চাইবে না। তারপর জাহান্নামকে মনোলোভা জিনিসসমূহ দিয়ে ঘিরে দিতে আদেশ করলেন এবং পুনরায় তাকে বললেন, যাও, জাহান্নাম এবং তার অধিবাসীদের জন্য প্রস্তুতকৃত সামগ্রী দর্শন কর। সুতরাং তিনি গেলেন এবং দর্শন করে ফিরে এসে বললেন, 'আপনার সম্মানের কসম! আমার আশঙ্কা হয় যে, কেউ পরিত্রাণ পাবে না, সবাই তাতে প্রবেশ করবে। (আবু দাউদ, তিরমিযী, নাসাঈ, সঃ তারগীব ৩৬৬৯নং)।

আল্লাহর রসূল (ﷺ) বলেছেন, ‘‘যে ব্যক্তি গভীর রাত্রিকে ভয় করে, সে যেন সন্ধ্যা রাত্রেই সফর শুরু করে। আর যে ব্যক্তি সন্ধ্যারাত্রে চলতে লাগে, সে গন্তব্যস্থলে পৌছে যায়। সাবধান! আল্লাহর পণ্য বড় আক্রা। শোনো! আল্লাহর পণ্য হল জান্নাত।’’ (তিরমিযী, হাসান)

বলাই বাহুল্য যে, জান্নাত ও তার সুখ-সামগ্রী যেমন অমূল্য, তেমনি জান্নাতী সুন্দরী সুনয়না হুরীদের মোহরও অনেক বেশি। সুতরাং যে এমন সুখ চায় এবং এমন স্ত্রী চায়, সে কি প্রস্তুতি না নিয়ে বসে থাকতে পারে?

Source — https://www.hadithbd.com/books/link/?id=12183

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন